The industry specific guidance below was developed by the Department in response to the pandemic and is no longer mandatory. These archived documents are made available as a public reference and resource only.

Industry partners should refer to New York Forward Guidance for the most up-to-date information regarding COVID-19. For more information, please visit https://agriculture.ny.gov/coronavirus.

NEW YORK STATE OF OPPORTUNITY. | Department of Health

NEW YORK STATE | Agriculture and Markets

ANDREW M. CUOMO
গিনির

HOWARD A. ZUCKER, M.D., J.D
কমিশনার

RICHARD A. BALL
কমিশনার

খামারগুলিতে COVID-19 প্রতিরোধ এবং প্রতিক্রিয়া জানানোর অভ্যন্তরীণ নির্দেশীকা

সংশোধিত 27 মে 2020

এই নির্দেশীকাটি খামার মালিক, পরিচালক এবং খামারের কর্মীদের জন্য দেওয়া হয়েছে যাতে COVID-19 প্রতিরোধ এবং প্রতিক্রিয়া জানানোর জন্য তারা এই পদ্ধতিগুলি খামারের নিয়মকানুনগুলির মধ্যে অন্তর্ভুক্ত করতে পারে।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে।

বিস্তারটি থামান

সামাজিক দূরত্ব (6 ফুটের) বজায় রাখা, হাত ধোওয়া, এবং শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত সুস্থতার বার্তাগুলি পুনরায় বলবৎ করে এমন সাইনগুলি দৃষ্টিগোচর হয় এমন স্থানে স্থাপন করা উচিত। বিকল্প ভাষাগুলিতেও সাইনগুলি উপলভ্য।

হাতের স্বাস্থ্যবিধি

সাবান এবং পানি দিয়ে অন্তত 20 সেকেন্ডের জন্য নিয়মিত হাত ধোওয়া উচিত:

- খাওয়ার আগে এবং পরে।
- হাঁচি, কাশি বা নাক ঝাড়ার পরে।
- মুখ এবং চুল স্পর্শ করা এড়িয়ে চলুন।
- রেস্টরুম (restroom) ব্যবহার করার পরে।
- খাবার দাবার তরাদকি করার পূর্বে।
- সেল ফোন এবং/অথবা পোশাক সহ, দূষিত থাকতে পারে এমন পৃষ্ঠতলগুলি স্পর্শ বা পরিষ্কার করার পরে।
- ভাগাভাগি করে ব্যবহার করা হয় না এমন যন্ত্রপাতি এবং সরঞ্জাম ব্যবহারের পরে।

সকলে ব্যবহার করে এমন কাজের এবং থাকার জায়গাগুলিতে হাত ধোয়ার এবং সাজসরঞ্জাম জীবাণুমুক্ত করার সুবিধা তৈরি এবং রক্ষণাবেক্ষণ করুন যাতে সাবান, জল, এবং কাগজের তোয়ালে থাকবে। হাত না ভিজিয়ে হাত জীবাণুমুক্ত করার জন্য কর্মীদের অন্তত 60% অ্যালকোহল থাকা হ্যান্ড স্যানিটাইজারও দেওয়া যেতে পারে। খুব বেশি ময়লা হাতের ক্ষেত্রে হ্যান্ড স্যানিটাইজার কার্যকর নয়।

কী কী পদক্ষেপ নিতে হবে?

সব খামারগুলির উচিত নিয়মিতভাবে তাদের ফেসিলিটিগুলিতে পরিষ্কারকার্য ও জীবাণুমুক্তকরণ কার্যক্রম চালিয়ে যাওয়া। এছাড়াও, উচ্চ ঝুঁকিপূর্ণ স্থানসমূহ (নিচে দেখুন) নির্ধারিত সময়সূচী অনুযায়ী অবশ্যই পরিষ্কারকরণ এবং জীবাণুমুক্তকরণ কার্যক্রম পরিচালনা করতে হবে।

কর্মক্ষেত্রে এবং থাকার জায়গাগুলিতে সমস্ত কর্মীদের অন্তত 6 ফুট (2-মিটার) সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। সাধারণ মানুষের সান্নিধ্যে থাকাকালীন এবং সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব না হলে ফেস কভারিং পরতে হবে। শেয়ার করা গাড়িগুলিতে থাকাকালীন ফেস কভারিং পরতে হবে।

কর্মীদের পরীক্ষা এবং যথাযথ বাসভবনের জন্য স্থানীয় স্বাস্থ্য দপ্তর (Local Health Department, LHDs) এর সাথে যোগাযোগ রাখুন।

কর্মীবৃন্দ: "বিস্তারটি থামান" পোস্টারে তালিকাবদ্ধ সমস্ত পদক্ষেপ অনুসরণ করুন। অন্যদের সামনে থাকলে এবং সামাজিক দূরত্ব বজায় না রাখা গেলে একটি ফেস কভারিং ব্যবহার করুন।

গবেষণাগার কর্তৃক নিশ্চিত করা COVID-19 আক্রান্ত কোনো ব্যক্তি যদি আপনার খামারে থাকাকালীন তার উপসর্গ প্রকাশিত হয় বা ইতিবাচক হয়:
অবিলম্বে ওই ব্যক্তির জন্য চিকিৎসার ব্যবস্থা করুন এবং আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগে যোগাযোগ করুন। অঞ্চলটি পরিস্কার ও জীবাণুমুক্ত করতে হবে।

শ্বাসপ্রশ্বাস সংক্রান্ত স্বাস্থ্যবিধি এবং ফেস কভারিং

- টিস্যু বা কনুইয়ে ঢেকে হাঁচি বা কাশি দিন।
- ব্যবহারের পরে তাৎক্ষণিকভাবে ময়লা টিস্যুগুলো ফেলে দেয়ার ব্যবস্থা করুন।
- দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে ফেস কভারিং সহ্য করতে সক্ষম যেকোনো ব্যক্তিকে কার্যনির্বাহী আদেশ 202.17 এবং কার্যনির্বাহী আদেশ 202.18, এবং তার সংযোজন অনুযায়ী সর্বজনীন স্থানে থাকাকালীন এবং সামাজিক দূরত্ব বজায় রাখা না গেলে নিজের নাক এবং মুখ অবশ্যই কোনো মাস্ক বা কাপড় দিয়ে ঢেকে রাখতে হবে। এটি গাড়িগুলিতে থাকাকালীন ফেস কভারিংগুলি পরাকে অন্তর্ভুক্ত করে। অতিরিক্ত তথ্য এক্সিকিউটিভ অর্ডার 202.17 এবং 202.18, এপ্রিল 17, 2020, অনুযায়ী COVID-19 অতিমারীর সময় মুখ ঢাকার আবশ্যকতা সম্পর্কিত অন্তবর্তী নির্দেশিকায় (Interim Guidance on Executive Orders 202.17 and 202.18 Requiring Face Coverings in Public During the COVID-19 Outbreak, April 17, 2020) পাওয়া যাবে।
- কার্যনির্বাহী আদেশ 202.16 এবং তার সংযোজনগুলি অনুযায়ী নিয়োগকারীকে তার অত্যাবশ্যক কর্মীদের, সাধারণ মানুষের সাথে কথোপকথনের সময়, অবশ্যই বিনামূল্যে ফেস কভারিং দিতে হবে। অতিরিক্ত তথ্য COVID-19 এর প্রকোপ চলাকালীন জনবহুল স্থানে মুখ ঢেকে রাখার প্রয়োজনীয়তা নিয়ে অতিরিক্ত তথ্য 14ই এপ্রিল, 2020 তারিখের কার্যনির্বাহী আদেশের 202.16-এর অন্তর্বর্তী নির্দেশিকায় (Interim Guidance on Executive Order 202.16 Requiring Face Coverings for Public and Private Employees Interacting with the Public During the COVID-19 Outbreak, April 14, 2020) পাওয়া যেতে পারে।

সামাজিক দূরত্ব বজায় রাখা

COVID-19 এর বিস্তার ন্যূনতম করতে অন্যদের থেকে 6 ফুটের (আনুমানিক 2 মিটার) দূরত্ব বজায় রাখতে হবে:

- কর্মীদের শিফটের সম্পূর্ণ সময় ধরে 6 ফুট দূরত্ব বজায় রাখা হচ্ছে কিনা তা খেয়াল রাখুন এবং তাদের সেটা মনে করিয়ে দিন। এটি ক্ষেত, ফলের বাগান, আঙুরের ক্ষেত, প্যাক করার জায়গা, দুধ দোওয়াবার জায়গা, গোলাঘর সহ সব জায়গায় করতে হবে।
- সারি/করিডরের মধ্যে কর্মীদের আগুপিছু করুন।
- উপযুক্ত পর্যবেক্ষণের জন্য বা লাইনের মধ্যে অল্প কিছু কর্মীদের বাছাই করে পণ্যের প্রবাহের সামঞ্জস্য বিধান করুন।
- সাধারণ মানুষের মধ্যে থাকাকালীন এবং যেখানে সামাজিক দূরত্ব পালন করা সম্ভব নয় সেখানে কর্মীদের অবশ্যই ফেস কভারিং পরতে হবে।
- কর্মক্ষেত্রে যাদের কাজগুলির জন্য সবসময় 6 ফুটের বেশি দূরত্ব বজায় রাখা সম্ভব তাদের কোনো ফেস কভারিং পরতে হবে না যদি না তারা বিচ্ছিন্নকরণ (কোয়ারেন্টাইন) স্থিতিতে (নিচে দেখুন) থাকেন ।
- একটি 6 ফুট দূরত্ব দেখাতে একটি মাপার টেপ বা মাপার লাঠি ব্যবহার করুন, যেটি একজন গড় পুরুষের প্রায় 3 হাত লম্বা।
- কর্মীদের, হাত মেলানো, আলিঙ্গন, বা ফিস্ট এবং এলবো বাম্পের মতো সরাসরি শারীরিক সামাজিক অভিবাদন এড়িতে চলার পরামর্শ দিন, এবং পরিবর্তে হাত নাড়ানো এবং হাসি ব্যবহার করতে উৎসাহিত করুন।
- কাজে আসার সময় এবং বেরোবার সময় নথিভুক্ত করার জন্য কর্মীদের, নিজেদের মধ্যে নিরাপদ দূরত্ব বজায় রাখার পাশাপাশি, পর্যাপ্ত সময় এবং জায়গা দিন।
- ছোটো গ্রুপে মিটিং এবং প্রশিক্ষণের আয়োজন করুন, যাতে কর্মীরা 6 ফুট দূরত্বও বজায় রাখতে পারেন আবার বক্তার কথাও শুনতে পারেন।
- বিশ্রাম এবং খাওয়ার সময় অন্যদের থেকে 6 ফুট দূরত্ব বজায় রাখতে কর্মীদের প্রয়োজনীয় জায়গা দিন।
- শেয়ার করা গাড়ির জায়গাগুলিতে যেখানে সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে না সেখানে কারপুলিং এড়িয়ে চলুন। একটি গাড়িতে থাকাকালীন ফেস কভারিং পরুন।

নিয়মিত পরিষ্কার করা

সংক্রমণ নিয়ন্ত্রণের আদর্শ অনুশীলন

প্রমিত সংক্রমণ নিয়ন্ত্রণ চর্চার অংশ হিসাবে নিয়মিত পরিষ্কার করার কাজ চালিয়ে যাওয়া উচিত। অপারেটরদের, কাজের জায়গায় এবং থাকার জায়গা নিয়মিত পরিষ্কার করার জন্য পরিষ্কার করার লোকজনকে অবশ্যই প্রয়োজনীয় সামগ্রী এবং সময় দিতে হবে। নিয়মিত পরিষ্কারকার্যের ক্ষেত্রে প্রায়শই স্পর্শ করা হয় এমন পৃষ্ঠতলগুলিকে অগ্রাধিকার দেওয়া উচিত কারণ এই পৃষ্ঠতলগুলি জীবাণুর সংরক্ষণাগার হতে পারে এবং COVID-19 এর সংক্রমণের একটি পথ হয়ে উঠতে পারে।

নিয়মিত পরিষ্কার করার ক্ষেত্রে অগ্রাধিকারপ্রাপ্ত স্থানের উদাহরণগুলোর মধ্যে রয়েছে:

- সবচেয়ে বেশি স্পর্শ করা হয় এমন পৃষ্ঠতলগুলো নানা ধরনের মানুষ স্পর্শ করে থাকে, যেমন বাতির সুইচ, হ্যান্ডরেইল, কার্টের হাতল, যন্ত্রপাতির বাটন, ভাগাভাগি করে ব্যবহার করা হয় এমন সরঞ্জাম এবং দরজার নব/হাতল।
- ফীডার।
- স্টোরেজ কন্টেনার।
- মেঝে ও দেয়াল।
- ময়লার কন্টেইনার।
- রেস্টরুম।
- উষ্ণতা এবং শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ভেন্ট।
- অনুভূমিক পৃষ্ঠতল এবং বৈদ্যুতিক বাতি ধারন করার ডিভাইস (Light Fixture)।
- সচরাচর ব্যবহৃত হয় এমন যন্ত্রপাতি।
- ইউনিফর্ম, সুরক্ষামূলক যন্ত্রপাতি এবং লিনেন।

প্রায়শই স্পর্শ করা স্থানসমূহের উদাহরণ:

- ভাগাভাগি করে ব্যবহার করা হয় এমন যন্ত্রপাতি;
- কাউন্টার, টেবিল এবং চেয়ার;
- দরজার হাতল এবং পুশ প্লেট;
- লিভার এবং স্টিয়ারিং হুইল;
- হ্যান্ডরেইল;
- রান্নাঘর এবং বাথরুমের কল;
- যন্ত্রপাতির পৃষ্ঠতল;
- যন্ত্রপাতির বাটন/বোতাম;
- বাতির সুইচ;
- রিমোট কন্ট্রোল;
- শেয়ারকৃত ফোন, কিবোর্ড এবং ইলেকট্রনিক্স;
- শেয়ার করা ঘুমের জায়গা।

দ্রষ্টব্য: কিছু কিছু পৃষ্ঠতল বা যন্ত্রপাতি পরিস্কার করা কঠিন বা তরলের প্রতি সংবেদনশীল হয়। যখন সকলের ব্যবহারের জন্য উন্মুক্ত, তখন এগুলো অপ্রত্যক্ষভাবে সংক্রমণ করতে পারে।
ভাগাভাগি করে ব্যবহার করা যন্ত্রপাতি রয়েছে এমন স্থানগুলোতে রোগের বিস্তার কমাতে এই ধরনের যন্ত্রপাতি ব্যবহারের পূর্বে এবং পরে যথাযথভাবে হাতের পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ক সাইন স্থাপন করা উচিত। এছাড়াও, পরিস্কার করা কষ্টকর এমন যন্ত্রপাতির হার্ডওয়্যারকে সুরক্ষিত রাখতে কোনো তরল পড়ে যাওয়া এবং এবং পরিষ্কার করার সুবিধার্থে অপসারণযোগ্য ধৌত করার উপযোগী কভার ব্যবহার করার বিষয়টি বিবেচনা করুন।

COVID-19 এর কোনও নিশ্চিত ঘটনা পাওয়ার আগেই উচ্চ-ঝুঁকিপূর্ণ অবস্থানগুলো সনাক্ত করা এবং নিয়মিত <u>পরিষ্কার এবং জীবাণুমুক্ত</u> করা।

উচ্চ-ঝুঁকিপূর্ণ অবস্থানসমূহের উদাহরণগুলোর মধ্যে রয়েছে:

<u>প্যাকিং করার ঘর, স্টোরেজ রুম, দুধের পার্লার, গোলা, শেড, এবং ট্যাংক কক্ষ</u>

- প্রায়শই অ্যাক্সেস পৃষ্ঠতল/সরঞ্জাম নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন।
- প্রতিবার ব্যবহারের পরে মোছার কাপড়/কাপড়গুলি ফেলে দেবেন বা কেচে নেবেন।

রেস্টরুম

- রেস্টরুমের সমস্ত পৃষ্ঠতলগুলি,, ফিক্সচার, দরজার নব, পুশ প্লেট এবং সুইচ (প্রতিদিন অন্তত একবার) পরিষ্কার ও জীবাণুমুক্তকরণ, উক্ত করা।

খাবার জায়গা/বিশ্রামাগার

- নিয়মিত কাউন্টার, টেবিল এবং চেয়ার পরিষ্কার করা এবং জীবাণুনাশিত করা (প্রতিদিন অন্তত একবার)।

লকার রুম/স্লিপিং কোয়ার্টার্স

- নিয়মিতভাবে পৃষ্ঠতল, টেবিল, চেয়ার ও লকার পরিষ্কার ও জীবাণুমুক্ত করা (প্রতিদিন অন্তত একবার)।

ঘন ঘন স্পর্শ করা হয় এমন অন্যান্য পৃষ্ঠতল বা যন্ত্রপাতি বা এলাকা

- কর্মপরিচালনার কাজের অংশ হিসেবে একটি নির্ধারিত সূচি অনুযায়ী, ঘন ঘন স্পর্শ করা হয় এমন পৃষ্ঠতল পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন (দিনে কমপক্ষে একবার)।

পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ

পরিষ্কারকার্য পৃষ্ঠতল বা বস্তু থেকে জীবাণু, ময়লা এবং অশুচি দূর করে। জীবাণুনাশক পৃষ্ঠতল বা বস্তুতে থাকা জীবাণুকে মেরে ফেলে।

পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার সামগ্রী এবং কীভাবে কাজের এবং থাকার জায়গাতে সেগুলি কীভাবে ব্যবহার করতে হবে তার নির্দেশাবলী খামার কর্মীদের দিতে হবে। পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গকে পণ্যের লেবেলগুলির উপরে যেভাবে পরামরশ দেওয়া হয়েছে সেভাবে সুরক্ষামূলক সরঞ্জাম (যেমন গ্লাভস) দিতে হবে এবং তাদের সেগুলি ব্যবহার করতে হবে। লেবেলে প্রদত্ত নির্দেশনাগুলো সাবধানতার সাথে পড়ুন এবং মেনে চলুন।

ধাপ 1: পরিষ্কার করা

ধুলো ময়লা হ্রাস এবং জীবাণু অপসারণ করতে জীবাণুনাশক ব্যবহারের আগে সবসময় পৃষ্ঠতলগুলি পরিষ্কার করুন। পৃষ্ঠের ময়লা এবং অন্যান্য উপকরণ জীবাণুনাশকের কার্যকারিতা হ্রাস করতে পারে। ধুলো ময়লা কমাতে এবং জীবাণু অপসারণ করতে পানি এবং সাবান বা ডিটারজেন্ট ব্যবহার করে উপরিতল পরিষ্কার করুন। সংমিশ্রিত পণ্য যেগুলো পরিষ্কার এবং জীবাণুনাশ করতে পারে, সেগুলোর কার্যকর ব্যবহার নিশ্চিত করতে সর্বদা নির্দিষ্ট পণ্যের লেবেলে প্রদানকৃত নির্দেশাবলী অনুসরণ করুন।

ধাপ 2: জীবানুমুক্ত করা

জীবাণুনাশক পণ্যের কার্যকারিতা নিশ্চিত করতে জীবাণু ধ্বংস করার পূর্বে অবশ্যই ময়লা স্থান পরিষ্কার করার কাজ শেষ করতে হবে। COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত পণ্যগুলোর তালিকা ব্যবহার করুন। এই তালিকাটি EPA দ্বারা চিহ্নিত বিষয়ের সাথে সম্পর্কিত। পরিবেশ সংরক্ষণ দপ্তরের (DEC) নিবন্ধন জীবাণুনাশক পণ্যের লেবেলগুলিতে তালিকাবদ্ধ করা হবে না। NYSDEC-এর কীটনাশক নিবন্ধীকরণ সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ পূর্বক NYSDEC ব্যুরো অফ পেস্টিসাইড ম্যানেজমেন্ট (Bureau of Pesticide Management) কে (518) 402-8748 নম্বরে ফোন করুন। যদি এই পণ্যগুলি অনুপলভ্য থাকে, তবে EPA- এবং DEC* কর্তৃক নিবদ্ধিত জীবাণুনাশক ব্যবহার করুন করে পৃষ্ঠগুলো জীবাণুমুক্ত করুন যা রাইনোভাইরাস এবং/অথবা মানব করোনভাইরাসের বিরুদ্ধে কার্যকর বলে লেবেলযুক্ত। যদি এই বাণিজ্যিক পণ্যগুলো অনুপলভ্য হয় তবে, বিশুদ্ধ 2% ক্লোরিন ব্লিচ দ্রবণ (1 কোয়ার্ট জলে প্রায় 1 টেবিল চামচ ব্লিচ) ব্যবহারও গ্রহণযোগ্য। প্রতিদিন বা প্রয়োজন মতো ব্লিচের দ্রবণ তৈরি করুন।

কাঙ্খিত বা অভীষ্ট ভাইরাস কার্যকরভাবে মারা গেছে কি না তা নিশ্চিত করতে জীবাণুনাশক ব্যবহার করার সময় লেবেলের নির্দেশাবলী অনুসরণ করতে হবে। এর মধ্যে পর্যাপ্ত সংযোগের সময় (যথা, কোনও জীবাণুনাশক কার্যকর হওয়ার জন্য যতটুকু সময় পৃষ্ঠের উপর থাকা উচিত) অন্তর্ভুক্ত রয়েছে, যা প্রয়োগের পরে পাঁচ থেকে দশ মিনিট হতে পারে। যেসকল জীবাণুনাশক ওয়াইপ ধরণের সেগুলোর লেবেলে কার্যকর সংযোগের সময়ের উল্লেখও থাকে।

জমাট বাঁধা আকারে আসা জীবানুনাশকগুলির জন্য, উদ্দীষ্ট ভাইরাসটি কার্যকর ভাবে ধ্বংস করতে প্রয়োজনীয় মিশ্রিত উপকরণটি বানানোর নির্দেশাবলী সাবধানে অনুসরণ করা গুরুত্বপূর্ণ। এই তথ্যটি পণ্যের লেবেলে পাওয়া যেতে পারে।

ধাপ ৩: নিষ্পত্তি

ব্যবহৃত সকল হাতমোজা এবং ফেলে দেয়ার মতো অন্যান্য উপাদান একটি ব্যাগে রাখুন, যা অন্য বর্জ্যের সাথে ফেলে দেয়ার আগে বন্ধ করে বাঁধা যেতে পারে। গ্লাভস খোলার পর অবিলম্বে কমপক্ষে 20 সেকেন্ড ধরে সাবান এবং পানি দিয়ে হাত ধুয়ে ফেলুন অথবা সাবান ও পানি পাওয়া না গেলে কমপক্ষে 60% অ্যালকোহল সমৃদ্ধ হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন। হাত স্পষ্টত নোংরা হয়ে গেলে সাবান ও পানি ব্যবহার করা উচিত।

স্থানীয় স্বাস্থ্য দপ্তর (Local Health Department, LHD) এর সাথে সহযোগিতা

কর্মীদের স্ক্রিনিং, আইসোলেশন এবং কোয়ারেন্টাইন অবস্থা, এবং থাকার বন্দোবস্ত করতে অপারেটরদের LHD কে আন্তরিকভাবে সহযোগিতা করতে হবে। যে সমস্ত অপারেটর কর্মীদের বাসস্থানের সুবিধা দিয়ে থাকেন, তাদের, LHD এর বিচ্ছিন্নকরণের বিধিবদ্ধতার জন্য বহুসংখ্যক কর্মীর জন্য আলাদা বাসস্থান প্রদান করতে হলে, বা কর্মীদের উপসর্গ দেখা দেওয়ার জন্য আইসোলেশনে রাখতে হলে, তার একটি পরিকল্পনা করে রাখতে হবে। খামারের কর্মীদের অত্যাবশ্যক কর্মী হিসেবে বিবেচনা করা হয় এবং বিচ্ছিন্ন থাকা অবস্থাতেও কাজ করা অব্যাহত রাখতে হতে পারে যদি না নিচে বিবৃত প্রয়োজনীয় শর্তাবলী মেনে চলা হয়।

স্ক্রিনিং এর নির্দেশিকা

নিচে যেভাবে বর্ণিত হয়েছে এবং সেইসাথে LHD এর নির্দেশিকা অনুযায়ী, কর্মচারীদের স্ক্রিন করার এবং বিচ্ছিন্ন বা আইসোলেশনে থাকা অবস্থায় কর্মীদের জন্য উপযুক্ত বাসস্থানের বন্দোবস্ত করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মীকে সনাক্ত করুন।

- কাজের জায়গায় রিপোর্ট করার আগে, স্ক্রিনিংকে অবশ্যই কর্মীর আন্তর্জাতিক ভ্রমণ সম্পর্কে পর্যালোচনা করতে হবে।
- কর্মীরা কাজের জায়গায় প্রবেশ করার সঙ্গে সঙ্গে, এবং তারপর 12 ঘন্টা অন্তর, অবশ্যই স্ক্রিন করতে হবে।
- কর্মীদের, কাশি বা শ্বাসকষ্টের মতো কোনো COVID-19 সংক্রান্ত উপসর্গ আছে কিনা, বা COVID-19 পজিটিভ পরীক্ষিত হয়েছে বা COVID-19 এর উপসর্গ ছিল এমন কারোর সান্নিধ্যে তারা এসেছিলেন কিনা তা স্ক্রিনিংকে জিজ্ঞাসা করতে হবে।
- ব্যক্তিটির 100.0°ফাঃ এর বেশি বা সমান তাপমাত্রা আছেন কিনা তাও স্ক্রিনিংকে জিজ্ঞাসা করতে হবে।

একটি নিশ্চিত বা সন্দেহভাজন COVID-19 কেস এর সম্ভাব্য সংস্পর্শে আসা কর্মীবৃন্দ

খামারে কাজ না করার সময়ে, এমনকি কোনো উপসর্গ না থাকলেও, সাবধানতার জন্য নিম্নলিখিত কর্মীদের 14 দিনের জন্য বিচ্ছিন্ন রাখতে হবে:

- যে সমস্ত কর্মীরা গত 14 দিনের মধ্যে COVID-19 এ সংক্রমিত কারোর ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি ছিলেন।
- যে সমস্ত কর্মীরা গত 14 দিনের মধ্যে অন্য দেশ থেকে এসেছেন বা যারা একটি ক্রুজ শিপে ছিলেন (রিভার ক্রুজে থাকলেও)।
- LHD যদি মনে করে যে সাবধানতার জন্য কোনো কর্মীকে বিচ্ছিন্ন করার প্রয়োজন আছে।

দপ্তরের স্বাস্থ্য সম্পর্কিত পরামর্শে যে ভাবে বর্ণিত আছে সেই অনুযায়ী যে সকল কর্মীদের অত্যাবশ্যক কর্মী হিসেবে বিবেচনা করা হয়: COVID-19 এর সংস্পর্শে আসার পরে বা সংক্রমিত হওয়ার পরে অত্যাবশ্যক কর্মীদের কাজে ফিরে আসার প্রোটোকল, যারা উপরে বর্ণিত বিচ্ছিন্ন থাকার মানদণ্ড পূরণ করেছেন, তারা দপ্তরের স্বাস্থ্য সম্পর্কিত পরামর্শের সাথে সংগতি রেখে কাজে যোগ দেওয়ার অনুমতি পেতে পারেন এবং যদি তাদের:

- কোনো উপসর্গ না থাকে।
- কাজে না থাকার সময় বিচ্ছিন্ন থেকে থাকেন। কর্মীরা তাদের নিজের বাড়িতে বা LHD এর বিচ্ছিন্ন থাকার আবশ্যিকতাগুলি পূরণকারী অপারেটরের মনোনীত জায়গায় বিচ্ছিন্ন থাকতে পারেন।
- বিচ্ছিন্ন থাকার সময় অত্যাবশ্যক কর্মীদের মধ্যে 6 ফুট দূরত্ব বজায় রাখা কঠিন হলে, অত্যাবশ্যক কর্মীরা একটি বিনোদনমূলক গাড়ি, একটি মোটেল/হোটেলের ঘরে, বাড়িতে তাদের নিজের ঘর, ইত্যাদি জায়গায় বিচ্ছিন্ন থাকতে পারবেন।
- স্বাস্থ্যসেবা, খাবার, ওষুধ, এবং লন্ড্রির মতো অত্যাবশ্যক জিনিসগুলি প্রদান করার জন্য LHD এবং নিয়োগকারীর ওপর ভরসা রাখুন।
- কর্মস্থলে প্রবেশ করার সময়, এবং তারপর কর্মস্থলে অন্তত 12 ঘণ্টা অন্তর তাপমাত্রার ওপর নজর রাখুন, এবং যখন কর্মস্থলে থাকবেন না তখন দিনে দুবার নিজে-নজরদারী করুন (অর্থাৎ, তাপমাত্রা মাপুন, উপসর্গগুলি পরীক্ষা করুন)। তাপমাত্রাগুলি পরীক্ষা করার জন্য অপারেটরদের, সাইটে অবশ্যই থার্মোমিটার রাখতে হবে।
- অন্য কোনো ব্যক্তির সামনে থাকাকালীন একটি ফেস কভারিং পরুন।
- COVID-19 এর উপসর্গের মতো তাদের কোনো উপসর্গ দেখা দিলে অবিলম্বে কাজ বন্ধ করুন এবং তাদের সুপারভাইজরকে জানান। পরবর্তী পদক্ষেপগুলির জন্য নিচে যেভাবে বর্ণিত আছে সেভাবে LHD এর সাথে পরামর্শ করা যেতে পারে।
- উপসর্গগুলি থাকা অত্যাবশ্যক কর্মীর টেস্টিংকে অগ্রাধিকার দিতে হবে।

নিশ্চিত বা সন্দেহভাজন COVID-19 কর্মীবৃন্দ

যে সমস্ত কর্মীর COVID-19 পজিটিভ পরীক্ষিত হয়েছে, সে তাদের COVID-19 এর উপসর্গ দেখা যাক বা না যাক এবং যে সমস্ত কর্মীদের 100.0°ফাঃ এর বেশি বা সমান তাপমাত্রা, কাশি, শ্বাসকষ্টের মতো COVID-19 এর উপসর্গগুলি দেখা যাচ্ছে, তাদের আলাদা করতে হবে এবং অন্তত 10 দিনের জন্য, বা এই নির্দেশিকার পরের কোনো যুক্তরাষ্ট্রীয় বা স্টেটের স্বাস্থ্য সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী কাজে পুনরায় যোগদান করার অনুমতি দেওয়া যাবে না।

আইসোলেশনে থাকা কর্মীদের অবশ্যই যা করতে হবে:

- দরজা বন্ধ করে তাদের নিজের ঘরে আইসোলেটেড থাকবেন;
- সম্ভব হলে, তাদের নিজস্ব বাথরুম ব্যবহার করবেন। নিয়োগকারী ক্ষতিগ্রস্ত কর্মীকে(কর্মীদের) বাসস্থান প্রদান করলে, কর্মীকে(কর্মীদের) অন্যদের থেকে কীভাবে আলাদা করবেন (আইসোলেট) তার বন্দোবস্ত করতে অনুগ্রহ করে আপনার LHD এর সাথে আলোচনা করুন।
- প্রয়োজন অনুযায়ী, LHD এর নজরদারীতে থাকুন; এবং
- স্বাস্থ্যসেবা, খাবার, ওষুধ, এবং লন্ড্রির মতো অত্যাবশ্যক জিনিসগুলির সরবরাহ পান।

আইসোলেট থাকা কর্মীরা কাজে যগদান করতে পারবেন না যতক্ষণ না:

- উপসর্গগুলি প্রথম দেখা যাবার পর অন্তত 10 দিন অতিবাহিত হয়েছে, এবং
- জ্বর কমানোর ওষুধ না খেয়েও অন্তত 3 দিন (72 ঘণ্টা) জ্বর আসেনি, এবং
- কাশি এবং শ্বাসকষ্ট সহ, শ্বাস প্রশ্বাস সংক্রান্ত উপসর্গগুলি আগের চেয়ে ভালো হয়েছে।

কর্মীর বাসস্থান সংক্রান্ত নির্দেশিকা

সমস্ত কর্মীকে যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখা, পরিষ্কার, জীবাণুমুক্ত, এবং COVID-19 এর সংক্রমণ প্রতিরোধ

করার জন্য প্রয়োজনীয় নিয়ন্ত্রণগুলি থাকা বাসস্থান প্রদান করতে হবে।

- ওপরের নির্দেশিকার ওপর ভিত্তি করে কর্মীদের স্ক্রিন এবং যথাযথ বাসস্থানের ব্যবস্থা করতে LHD এর সাথে সহযোগিতা করুন।
- কর্মীদের যতটা সম্ভব ছোটো গ্রুপে রাখার ব্যবস্থা করুন।
- বিছানাগুলোকে অন্তত 6 ফুটে দূরত্বে রাখুন।
- বাইরের তাপমাত্রা সহনশীল হলে, দরজা এবং জানলাগুলি খুলে দিয়ে, বসা এবং শোওয়া, রান্না এবং খাওয়া, এবং বাথরুম এবং স্নানের জায়গাগুলি সহ, বাসস্থানের সমস্ত জায়গায়, বায়ু চলাচল বাড়ান।
- এই জায়গাগুলি ব্যবহার করার সময় আগে পরে করে সূচিত করে সকলের ব্যবহার করার জায়গাগুলির জন্য সামাজিক দূরত্ব বজায় রাখার ব্যবস্থাগুলি কার্যকর করুন।

সাধারণ আইসোলেশন/বিচ্ছিন্ন থাকার আশ্রয়স্থলের আবশ্যিকতাসমূহ

- প্রত্যেক ব্যক্তি বা পরিবারের গ্রুপের জন্য দরজা বন্ধ করার এবং আলাদা বাথরুমের সুবিধা থাকা, আলাদা শোওয়ার জায়গা।
- সাবান, জল ও কাগজের তোয়ালে থাকা একটি সিঙ্ক ব্যবহার করার সুবিধা।
- একটি পারিবারিক গ্রুপের বাইরের অন্যদের সাথে যোগাযোগ নিষিদ্ধ করুন।
- শেয়ার করা জায়গাগুলির ব্যবহার নিষিদ্ধ করুন।
- ঘর পরিষ্কার করার সামগ্রীগুলি প্রদান করুন, যেমন ক্লিনিং ওয়াইপস।
- ব্যক্তির বাসস্থানে অবশ্যই খাবার পৌঁছে দিতে।
- ব্যক্তিবর্গের জন্য ফেস কভারিংগুলি সরবরাহ করুন।
- আবর্জনা নিয়মিত সংগ্রহের জন্য অবশ্যই ব্যাগে ভরে প্রতিটি বাসস্থানের দরজার বাইরে রেখে দিতে হবে। বিশেষভাবে নাড়াচাড়ার প্রয়োজন নেই।
- বসবাসের জায়গাগুলিতে মূল্যায়নের জন্য তাপমাত্রা এবং উপসর্গগুলির ওপর নজরদারি করার একটি পদ্ধতি কার্যকর করতে হবে।

আরো তথ্য

নিউইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের (New York State Department of Health) COVID-19 ওয়েবপেজ:

- https://coronavirus.health.ny.gov/home

স্থানীয় স্বাস্থ্য বিভাগের তালিকা:

- https://www.health.ny.gov/contact/contact_inifications/

রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Preventing) ওয়েবপেজ:

- https://www.cdc.gov/coronavirus/2019-ncov/

খাদ্যদ্রব্য, খাদ্যদ্রব্য তদারকির বিষয়ে FDA-এর নির্দেশনা:

- https://www.fda.gov/emergency-preparedness-and-response/mcm-issues/coronavirus-disease-2019-covid-19-frequently-asked-questions

কর্নেল CALS COVID-19 সংস্থান এবং প্রতিক্রিয়া:

- https://cals.cornell.edu/covid-19-response